# Times Today BD

আশিকুর রহমান শান্ত | জেলার খবর | 28 March, 2025

বেলা বাড়ার সাথে সাথে যানবাহনের চাপ বাড়লেও ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়কে স্বাভাবিক গতিতেই চলাচল করছে যানবাহন ।তবে মহাসড়কটিতে গণপরিবহনের পাশাপাশি ব্যক্তিগত গাড়ি ও মোটরসাইকেল চলাচল করছে অনেক বেশি।গত ২৪ ঘণ্টায় (বুধবার রাত ১২ টা থেকে বৃহস্পতিবার রাত ১২) এই সেতু দিয়ে ৬ হাজার ১৯৫টি মোটরসাইকেল পারাপার হয়েছে।এতে টোল আদায় হয়েছে তিন লাখ ৯ হাজার ৭৫০ টাকা।

মহাসড়ক সংশ্লিষ্টরা বলেন, মহাসড়কে যানবাহনের চাপ বেড়েছে।তবে স্বাভাবিক গতিতেই যানবাহন চলাচল করছে।

যমুনা সেতু কর্তপক্ষ জানায়, গত ২৪ ঘণ্টায় এই সেতু দিয়ে ৩৫ হাজার ২২৭টি যানবাহন পারাপার হয়েছে ।এতে টোল আদায় হয়েছে ২ কোটি ৬৫ লাখ ৩৭ হাজার ৫০০ ট্রাক।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ যমুনা সেতু সাইট অফিসর নির্বাহী প্রকৌশলী আহসানুল কবির পাভেল বলেন, ঈদযাত্রায় যমুনা সেতুর দুই পাশে ৯টি করে মোট ১৮ বুথ দিয়ে যানবাহন পারাপার হচ্ছে।এছাড়া দুইপাশেই মোটরসাইকলের জন্য আলাদা ২টি করে বুথ রয়েছে।এতে নির্বিঘ্নে মানুষ যাতায়াত করতে পারছে।

টাঙ্গাইল নির্বাহী প্রকৌশলী যমুনা সেতু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:38

URL: https://timestodaybd.com/countrywide/589747134